

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



স্মারক নং পপঅ/আইইএম/এসপি-১২(কানেকটিং বাংলাদেশ)/৮৩/২০২০/ ২১০৬

তারিখ: ২২/০৯/২০২০ খ্রি:

চুক্তি সম্পাদনের নোটিশ

প্যাকেজ নাম ও নম্বর: **Community based programme (live)** with the participation of adolescents, young couples, opinion leaders, community influential, elected female representatives, female teachers, religious leaders to raise massive awareness on FP-MNCH issues with special focus in low-performing regions/pockets through **Connecting Bangladesh**, Contract Package No. SP-12/2020-21.

প্রাপক: **ATN News Limited,**

Hasan Plaza, 53 Kawran Bazar C/A, Dhaka-1215

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Contract Package No. SP-12/2020-21 এর মাধ্যমে একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতি (SSS)-তে বেসরকারি টেলিভিশন এটিএন নিউজ এর Connecting Bangladesh প্রোগ্রামের মাধ্যমে দেশব্যাপী প্রান্তিক জনগোষ্ঠির কাছে সরাসরি পৌঁছাবার লক্ষ্যে ৫০ পর্বের পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, কিশোর-কিশোরী স্বাস্থ্য ও পুষ্টি সেবা সংক্রান্ত সরাসরি প্রোগ্রাম প্রচারের লক্ষ্যে গত ১৩/০৯/২০২০ খ্রি: তারিখে আপনার দাখিলকৃত প্রস্তাব এবং তদ্বপরবর্তী নিগোশিয়েশনের সিদ্ধান্তসমূহ মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। আপনাকে নিম্নলিখিত শর্তানুসারে চুক্তি স্বাক্ষরের জন্য অনুরোধ করা হলো:

১. ATN News Limited অত্র প্যাকেজের সেবা মোট ১,৯৫,০০,০০০/- (এক কোটি পচানব্বই লক্ষ টাকা) মাত্র (ভ্যাট ও ট্যাক্স সহ) প্রদান করবেন।

২. অত্র প্যাকেজের সংশ্লিষ্ট সেবা- ৫০টি নতুন পর্বে (সরাসরি প্রচার) সম্পন্ন হবে। দেশের প্রত্যন্ত অঞ্চলসমূহকে সংযুক্ত করে সরাসরি প্রোগ্রাম তৈরি ও প্রচার করতে হবে। অঞ্চল নির্বাচনের ক্ষেত্রে পূর্বেই পরিচালক, আইইএম এর নিকট থেকে অনুমোদন গ্রহন করতে হবে। প্রতিটি পর্বের বিষয় নির্বাচনের ক্ষেত্রে Terms of Reference (ToR) বর্ণিত বিষয়সমূহ থেকে অন্তর্ভুক্ত করতে হবে। জরুরী প্রয়োজনে কোন পর্ব প্রচারের ক্ষেত্রে বিষয় নির্বাচন সেবা ক্রয়কারী/পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর অনুমোদনগ্রহন সাপেক্ষে নির্ধারন করতে হবে।

৩. অত্র প্যাকেজের সেবাসমূহ সেপ্টেম্বর ২০২০ থেকে মে ২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে। প্রত্যেক মাসের সকল শুরুর অনুষ্ঠান প্রচার করতে হবে। সেক্ষেত্রে শনিবার বাদে অন্য যে কোন দিন প্রচার করা যাবে। তবে পরপর ২(দুই) দিন সরাসরি সম্প্রচার করা যাবে না। যে সপ্তাহে শুরুর ব্যতীত অন্যদিনে প্রচার প্রয়োজন হবে, সেক্ষেত্রে মঙ্গলবার অথবা সুবিধাজনক দিন পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর সাথে আলোচনাপূর্বক নির্ধারণ করা যেতে পারে। মাসে সর্বোচ্চ ৬টি পর্ব প্রচার করা যাবে। তবে যথাসময়ে প্রচার সম্পন্ন করার শর্তে শেষ মাসে সর্বোচ্চ ৮(আট)টি পর্ব প্রচার করা যাবে।

৪. অত্র পত্র জারীর ৩(তিন) কর্মদিবসের মধ্যে অনুষ্ঠান পরিকল্পনার অনুমোদন গ্রহন করতে হবে এবং চুক্তি স্বাক্ষরের ৭(সাত) দিনের মধ্যে প্রোগ্রাম প্রচার শুরু করতে হবে। অত্র প্যাকেজের সংশ্লিষ্ট সেবার চূড়ান্ত প্রতিবেদন ১০ জুন ২০২১ তারিখের মধ্যে প্রদান করতে হবে।

৫. অত্র প্যাকেজের সংশ্লিষ্ট সেবার জন্য আগামীকাল ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ৩০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে স্বাক্ষর করতে হবে।

এই চুক্তি সম্পাদনের নোটিশ চুক্তির অংশ হিসাবে পরিগনিত হবে। চুক্তির খসড়া ও অন্যান্য ডকুমেন্টস আপনার দরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও স্বাক্ষরের জন্য প্রেরণ করা হলো।

(ড. আশরাফুল হোসেন)

পরিচালক (আইইএম) ও লাইন ডাইরেক্টর (আইইসি)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৬, কাওরানবাজার, ঢাকা-১২১৫

ফোন: ০২-৫৫০১২৩৫০

ই-মেইল: iemdgfp@gmail.com

বিতরণ : (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চীফ এক্যাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি (সিভিল) ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২. উপপরিচালক (পিএম /এমপি), আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪. অফিস কপি।